

## রুয়েট প্রশাসন থেকে ৭ শিক্ষকের পদত্যাগ

রাজশাহী অফিস

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) নতুন উপাচার্য দায়িত্ব  
নেয়ার পরদিনই প্রশাসনের বিভিন্ন পদ থেকে ইস্তফা দিয়েছেন সাত শিক্ষক।  
সুস্থস্বস্তিয়ার রাতে উপাচার্যকে দিগ্ভি পাকিয়ে পদত্যাগের বিষয়টি জানান  
বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্যের স্মরণক হিসেবে পরিচিত এই শিক্ষকরা।  
গত একমাসের মধ্যে নিয়োগ পাওয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্রকল্যাণ উপদেষ্টা,  
চারজন হল প্রাধ্যক্ষ, ও দুই সহকারী প্রাধ্যক্ষও রয়েছেন তাদের মধ্যে।  
বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক অধ্যাপক আব্দুল বাসার জানান, শিক্ষকরা নতুন  
উপাচার্যের সঙ্গে কাজ করতে জব্বার প্রকাশ করে পদত্যাগপত্র জমা দিয়েছেন।  
পদত্যাগী শিক্ষকদের মুখা আছেন- বিশ্ববিদ্যালয়ের শেষ হাসিনা হলের প্রাধ্যক্ষ  
ও ইলেকট্রনিক্স আন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সভাপতি  
আবদুর রাজ্জাক, সেলিম হলের প্রাধ্যক্ষ আবু বকর সিদ্দিক, শহীদুল ইসলাম  
হলের প্রাধ্যক্ষ মো. সাহজাদ হোসেন, হামিন হলের প্রাধ্যক্ষ মো. আব্দুল  
হোসেন, সহকারী প্রাধ্যক্ষ এইচএম রাসেল, জিটা হলের সহকারী প্রাধ্যক্ষ ড.  
নিয়ামুল বারী ও ছাত্রকল্যাণ পরিচালক মাজেদুর রহমান।  
পদত্যাগের কারণ জানতে চাইলে আবদুর রাজ্জাক বলেন, উপাচার্যবিরোধী  
আন্দোলন নিয়ে স্টুডেন্টস্‌ ডায়েরি তার নতুন উপাচার্যের সঙ্গে কাজ করতে বিব্রত  
বোধ করছেন। এ কারণে সবাই সিদ্ধান্ত নিয়ে পদত্যাগ করেছেন।  
নবনিযুক্ত উপাচার্য মর্ফুজা আলী বলেন, বিশ্ববিদ্যালয়ের আজকের আন্দোলনে তিনি  
পুথবারই দায়িত্ব গ্রহণ করেছেন। এর মধ্যেই প্রশাসনে সুব্যবস্থা জেরি করা হলে  
তা বিশ্ববিদ্যালয়ের সার্বিক ব্যবস্থাপনাকে বাধাগ্রস্ত করবে। তবে প্রশাসনের  
খালি হওয়া পদগুলো শিগগিরই পূরণ করা সম্ভব হবে বলে তিনি আশা প্রকাশ  
করেন। ফলাফল জালিয়াতির অভিযোগে গত বছরের ১৫ নভেম্বর থেকে  
তখনকার উপাচার্য সিরাজুল করিম চৌধুরীর বিরুদ্ধে লাগাতার আন্দোলন শুরু  
করে প্রগতিশীল শিক্ষক-বিকারী ঐক্যপরিষদ।